

Class - V  
Subject - 2nd Language Bengali

গদ্য : " বৃষ্টি " - বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

গদ্যের বিষয়বস্তু :-

"বৃষ্টি" রচনাটিতে একটি বৃষ্টি বিন্দু নিজের কথা নিজেই বলেছে। একটি বৃষ্টি কণার সামর্থ্য সামান্য অথচ তারা একত্রিত হলে কি না করতে পারে। সে ইচ্ছা করলে মানুষের মঙ্গল করতে পারে, আবার ইচ্ছা করলে ধ্বংসও ডেকে আনতে পারে -- এমন একটি ভাবনা রচনাটিতে লক্ষ করা যায়। একা বৃষ্টিবিন্দু ক্ষুদ্র ও তুচ্ছ, কারণ সূর্যের কিরণে তা সহজেই শুকিয়ে যায়।

কিন্তু যখন সেই বৃষ্টিকণা অজস্রধারা হয়ে পৃথিবীতে নেমে আসে তখন তার অসীম ক্ষমতা দিয়ে পৃথিবীকে শস্যশ্যামলা করে তোলে। নদীতে নৌকা চলে - বাণিজ্য হয়। আবার এই বৃষ্টিরারাই বন্যা হয়ে কত দেশ জলমগ্ন করে। নৌকা জাহাজ-ডুবিতে মানুষের প্রাণহানি হয়। হঠাৎ বৃষ্টি শুকনো কাপড়, আমসী ও আমসত্ত্ব ভিজিয়ে দেয়। এই রচনাটিতে বৃষ্টিকণাদের মাধ্যমে লেখক বঙ্কিমচন্দ্র একটি ভাবনার প্রকাশ ঘটিয়েছেন তা হল - "ঐক্যই বল"। সকলে একত্রিত থাকলে কেউ কখনও ক্ষতি করতে পারে না।

## Worksheet

পঃ১) নীচের শব্দগুলির অর্থ লেখো :-

- (ক) কল্লোল - (খ) পোত - (গ) কন্দর - (ঘ) অবুদ -  
(ঙ) আমসী -

পঃ২) নীচের প্রশ্নগুলির উত্তর দাও :-

- (ক) বৃষ্টি দেখে পৃথিবীর কিরকম আনন্দ হয় ?  
(খ) ক্ষুদ্র বৃষ্টিবিন্দু কিভাবে পৃথিবীকে রক্ষা করবে ?  
(গ) "বৃষ্টি" রচনাটি থেকে কি শিক্ষা পেলো ?

প্রঃ৩) নীচের শব্দগুলির পদ পরিবর্তন করো :-

- |              |              |
|--------------|--------------|
| (ক) পুষ্টি - | (খ) ঐক্য -   |
| (গ) তুচ্ছ -  | (ঘ) পৃথিবী - |
| (ঙ) আহ্লাদ - |              |

দ্বিতীয় অধ্যায় - গদ্যাংশ "বৃষ্টি"  
পাঠমালা ৬০

বাড়ির কাজ :-

(২) নৈর্ব্যক্তিক ও ব্যাকরণভিত্তিক প্রশ্নাবলি :-

ঙ) শূন্যস্থান পূরণ করো :-

চ) ঠিক উত্তরের পাশে (✓) চিহ্ন ও ভুল উত্তরের পাশে (×) চিহ্ন দাও :-

-----\*\*\*\*\*-----